দৈনিক বাংলা

তারিখ ... 08 MAR 1994 ...
পৃষ্ঠা ৭ কলাম ২

145

# নিয়োগপত্র ছাড়া ২১ বছর ধরে সরকারী স্কুলে শিক্ষকতা

নিজস্ব সংবাদদাতাঃ রংপুর, ৭ মার্চ।– নিয়োগপত্র ছাড়াই এক শিক্ষক দীর্ঘ একুশ বছর ধরে সরকারী চাকরি করছেন। এ ঘটনা ঘটেছে গংগাচড়া থানার বড় রূপাই সরকারী প্রাথমিক বিদ্যালয়ে।

বিদ্যালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধান শিক্ষক আনোয়ারুল ইসলাম তার চাকরির নিয়োগপত্র ও অন্যান্য কাগজপত্র ছাড়াই ২১ বছর ধরে শিক্ষকতা করছেন। সম্প্রতি ইনক্রিমেন্ট নেয়ার জন্য দক্ষতার সনদপত্রের প্রয়োজনে থানা শিক্ষা অফিসের সাথে যোগাযোগ করলে অফিস উক্ত শিক্ষকের সার্ভিস বুক খুলে দেখতে পায় যে, তার চাকরির নিয়োগপত্রসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র নেই। এ বিষয়ে উক্ত শিক্ষককে অবগত করা হলে তিনি জানান, স্বাধীনতা যুদ্ধকালে এসব কাগজপত্র হারিয়ে গেছে। স্বাধীনতা যুদ্ধ হয় ১৯৭১ সালে এবং তিনি সরকারী চাকরিতে নিয়োজিত হন ১৯৭৩ সালে। এই গড়মিল থাকায় শিক্ষা অফিস তাকে পুনরায় প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়ার নির্দেশ দেয়। কিন্তু পর পর তিনটি চিঠি দেয়া হলেও উক্ত শিক্ষক যথাযথ কাগজপত্র জমা দিতে ব্যর্থ হন।